**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**6 MARCH 2025** **7:35 AM IST**

===========================================================================

রাজ্য সরকার প্রতিবেশী রাজ্যগুলোর সঙ্গে দীর্ঘদিনের সীমা বিবাদ নিষ্পত্তি করা সহ দখল করা এলাকাগুলি দখল মুক্ত করার জন্য অব্যাহত থাকা আলোচনা প্রক্রিয়া অন্তিম পর্যায়ে রয়েছে । গতকাল আসাম বিধানসভায় এক প্রশ্নের উত্তরে সীমান্ত সুরক্ষা এবং উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা একথা জানান । শ্রীবরা বলেন যে আসাম মেঘালয় এবং আসাম অরুণাচল প্রদেশের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুযায়ি ভারতীয় জরীপ বিভাগ বর্তমানে জমি জরীপের কাজ করছে এবং এই কাজ সম্পূর্ণ হওয়ার পর জমির সম্পূর্ণ তথ্য পাওয়া যাবে । মন্ত্রী শ্রী বরা আরো জানান যে আসাম মেঘালয়ের মধ্যে ১২ টি এলাকায় সীমা বিবাদ রয়েছে । এই ১২ টি এলাকার মধ্যে প্রথম পর্যায়ে ৬ টি অঞ্চলের জন্য তিনটি করে আঞ্চলিক কমিটি গঠন করা হয়েছে । উভয় রাজ্যের আঞ্চলিক কমিটিগুলো সীমান্ত এলাকা যৌথভাবে পরিদর্শন এবং স্থানীয় লোকেদের সঙ্গে আলোচনা করে

পারস্পরিক মত বিনিময় করে নিজ নিজ সরকারের কাছে প্রতিবেদন দাখিল করেছে । সেই অনুযায়ি উভয় রাজ্য সরকারের যৌথ সিদ্ধান্তে আন্তরাজ্য সীমা বিবাদ নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে ।

---

ভারত বাংলাদেশ আর্ন্তজাতিক সীমান্তের ২৬৭ কিলোমিটার দীর্ঘ অঞ্চল ধুবরী , দক্ষিণ শালমারা মানকাচর ও শ্রীভূমি জেলার সংগে সংলগ্ন রয়েছে । এই আর্ন্তজাতিক সীমান্ত অঞ্চলের ২২৮ কিলোমিটারেরও বেশী এলাকায় কাটাতারের বেরা তৈরী করা হয়েছে এবং বাকী অংশ নদী অঞ্চল হোয়ায় বেরা তৈরী করা সম্ভব হয় নি । রাজ্যের আসাম চুক্তি রুপান মন্ত্রী অতুল বরা বিধানসভায় জানান যে শ্রী ভূমি জেলার কুশিয়ারা নদীর পারে ভারতীয় লোকের বসতি থাকা সাড়ে চার কিলোমিটার অংশে বাংলাদেশের সীমান্ত সুরক্ষা বাহিনী আপত্তি করার জন্য বেরা তৈরী করা যায় নি । অবশ্য নদী অঞ্চলগুলিতে সীমান্ত সুরক্ষা বাহিনী সর্বাত্মক সুসংহত সীমান্ত ব্যবস্থাপনা ও নৌকা পর্যবেক্ষণ চৌকি স্থাপন করে জলভাগ নিরীক্ষণ করছে বলে মন্ত্রী শ্রী বরা বিধানসভায় জানান ।

এদিকে আসাম চুক্তির ৬ নম্বর দফা রুপায়নের জন্য অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব কুমার শর্মার পৌরহিত্যে গঠিত সমিতির প্রদান করা ৬৭ টি পরামর্শের মধ্যে ৫২ টি রুপায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বলে মন্ত্রী শ্রী বরা জানিয়েছেন ।

---

হিন্দী ভাষা আসামের জনসাধারণের পরিচিত ভাষা ও এই ভাষা আলংকরিক হোয়ার পরিবর্তে সহজে বোধগম্য  হোয়া উচিত । ভাষা সংস্কৃতিকে প্রতিনিধিত্ব করে । স্বরাষ্ট্র মন্ত্রকের রাজভাষা বিভাগের উদ্যোগে গতকাল গুয়াহাটীর সোণাপুরে আয়োজিত  পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলের যৌথ আঞ্চলিক রাজভাষা সম্মেলনে ভাষন দিয়ে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা একথা বলেন । মুখ্যমন্ত্রী বলেন যে  কেন্দ্রীয় সরকারের কার্যালয় ছাড়া রাজ্য সরকারের কার্যালয়গুলিতে ও হিন্দী ভাষার ওপর কার্যসূচী বাস্তাবায়ন করার প্রয়োজন রয়েছে । সম্মেলনে অংশ গ্রহণ করে  কেন্দ্রীয় স্বরাষ্ট প্রতিমন্ত্রী নিত্যানন্দ রায় বলেন যে ভাষা সংস্কৃতি একটি রাষ্ট্রের আত্মা  ও পরিচয় স্বরুপ । তিনি জনসাধারণের যোগাযোগের জন্য অন্য ভারতীয় ভাষার সংগে হিন্দী ভাষাও ব্যবহার করার আহ্বান জানান ।

---

শিলচর সোনাই রোডের আশুতোস লেনে গত সকালে রাতে দূর্ধর্ষ চুরি কান্ড সংগঠিত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে সোনাই রোডের আশুতোশ লেনের সুমন দে-র ঘরে থাকা ভাড়াটে সঞ্জয় শীলের ঘরে চুরি কান্ডে নগদ২২ হাজার টাকলা সহ স্বর্নালংকার নিয়ে যায় চুরের দল । পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

শ্রীভূমি জেলার অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে চতুর্থ আসাম ব্যাটেলিয়ান এস সি সি ক্যাডেট জওয়ানদের লঙ্গাই এস এ ফায়ারিং রেঞ্জে আগামী ২০ মার্চ পর্যন্ত গুলি চালানোর মহড়া অনুষ্ঠিত হবে । এই সময়ে যেকোন ধরনের অবাঞ্ছিত দূর্ঘটনা এড়াতে ফায়ারিং রেঞ্জ সংলগ্ন এলাকার জনসাধারণকে সাবধানতা অবলম্বন করে চলাচল করতে জেলা প্রশাসনের পক্ষ থেকে সর্তক করা হয়েছে ।

---

করিমগঞ্জ পূর্ত বিভাগের গ্রামীন সড়ক শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে দক্ষিন শ্রীভুমি সড়ক ডিভিশনের অর্ন্তগত বারীন্দ্র বাজার পয়েন্ট থেকে ঘোড়ামারা পঞ্চায়েত কার্য্যলয় পর্য্যন্ত পূর্ত সড়কের তিন কিলোমিটার অংশে বক্স সেল কালভার্ট নির্মানের উদ্দেশ্যে শুধুমাত্র হালকা যান বাহন চলাচলের জন্য একটি সাব ওয়ে নির্মান করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে ওই সড়ক দিয়ে আগামী ৪৫ দিনের জন্য সব ধরনের ভারী যান চলাচল বন্ধ থাকবে বলে কার্য্যবাহী বাস্তুকার জানিয়েছেন ।

---

শিলচর ভেটারেন ক্লাব আয়োজিত বরাক প্রিমিয়ার লীগ টি-টুয়েন্টি ক্রিকেট প্রতিযগীতার আজকের ফাইনাল ফেলায় শিলচর লায়ন্স মূখোমূখি হবে নভোটিয়াস একাদশ শিলচরের বিরুদ্ধে ।
আজ স্থানীয় জেলা ক্রিড়া সংস্থার মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলা বেলা ১২টায় শুরু হবে ।

---